

তথ্যবিবরণী

নম্বর: ৫২

দেশরত্ন শেখ হাসিনার প্রচেষ্টায় এগিয়ে যাচ্ছে বাংলাদেশ  
-নৌ পরিবহন প্রতিমন্ত্রী

ময়মনসিংহ (১৭ মে, ২০২৩ খ্রি.):

নৌ পরিবহন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী এমপি বলেন, দেশরত্ন শেখ হাসিনার প্রচেষ্টায় এগিয়ে যাচ্ছে বাংলাদেশ। প্রধানমন্ত্রী যতদিন দেশ পরিচালনা করবে ততদিন বাংলাদেশ উন্নতির পথে এগিয়ে যাবে। পরিকল্পিত শৃঙ্খলার মধ্য দিয়ে ২০৪১ সালের আগেই উন্নত, ধনী, সমৃদ্ধশালী ও স্মার্ট বাংলাদেশ বাস্তবায়িত হবে।

প্রতিমন্ত্রী আজ বিকাল ৫টায় এবং ৬.৩০টায় ময়মনসিংহের হালুয়াঘাট উপজেলায় ‘গোববাকুড়া-কড়ইতলী’ স্থলবন্দরের গোববাকুড়া ও কড়ইতলী অংশের উভয় স্থানে প্রধানমন্ত্রীর উদ্বোধনকৃত উদ্বোধনী নামফলক স্থাপন এবং সুধী সমাবেশে প্রধান অতিথির বক্তৃতায় এসব কথা বলেন।

প্রতিমন্ত্রী আরো বলেন, গোববাকুড়া ও কড়ইতলী স্থলবন্দরের অপারেশনাল কার্যক্রম পরিচালিত হলে প্রতিবেশি দেশের সাথে আমদানি-রপ্তানি বাণিজ্য সহজতর ও আরো গতিশীল হবে। এ বন্দরের মাধ্যমে এই এলাকার সাথে প্রতিবেশি দেশ ভারতের গাছুয়াপাড়া হয়ে মেঘালয় রাজ্যের সাথে বাংলাদেশের আমদানি-রপ্তানি কার্যক্রম সম্পাদিত হবে। স্থলবন্দরটি কর্মচাঞ্চলের ফলে এলাকার অনেক মানুষের কর্মসংস্থান সৃষ্টিসহ আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন হবে। তাছাড়া দেশের আমদানি-রপ্তানি বাণিজ্য বৃদ্ধির পাশাপাশি সরকারের রাজস্ব আয় বৃদ্ধি পাবে। এছাড়াও এই এলাকায় একটি ইমিগ্রেশন চেকপোস্ট ও ব্যাংকিং সিস্টেম চালু করার বিষয়টি প্রক্রিয়াধীন আছে।

সুধী সমাবেশের বিশেষ অতিথি ময়মনসিংহ-১ (হালুয়াঘাট-ধুবাইড়া) আসনের এমপি জুয়েল আড়েং বলেন, আজ শেখ হাসিনার স্বদেশ প্রত্যাবর্তনের দিন। এই দিনে শেখ হাসিনা বাংলাদেশে এসেছিল বলেই আমরা উন্নয়নের জোয়ার দেখতে পাচ্ছি এবং ভবিষ্যতেও এর ধারাবাহিকতা অব্যাহত থাকবে।

অনুষ্ঠানে বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যান মো. আলমগীর এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন ময়মনসিংহ জেলা প্রশাসক মো. মোস্তাফিজার রহমান, যুগ্ম কমিশনার (কাস্টমস) রেজভী আহমেদ, প্রকল্প পরিচালক হাসান আলী, অতিরিক্ত পুলিশ সুপার রায়হানুল ইসলাম প্রমুখ।

#

হদা/রিদওয়ান/মনির/রেজভী/সজিব/২০২৩/২২:০০ ঘণ্টা